

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৬৫.০৩২.০৩.০০.০০২.২০১৫-২০২

তারিখ: ১৯-০৮-২০১৮ খ্রি:


বিষয়: এমএনসিএন্ডএইচ ওপি২ ২০১৮-২০১৯ অর্থ বছরে জিওবি (উন্নয়ন) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ প্রশাসনিক অনুমোদন

সূত্র: স্মারক নং-স্বাঃঅধিঃ/এমএনসিএন্ডএইচ/ইপিআই/প্রশাসন-৩৬৭/২০১৮/১২২৩, তাং- ২৫-০৭-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, এমএনসিএন্ডএইচ এর প্রস্তাব মোতাবেক উক্ত ওপি২ ২০১৮-২০১৯ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের ৬টি কম্পোনেন্ট এর সমন্বয়ে ৩৪টি প্যাকেজের বিপরীতে ৬০৪৩.০৪ (ষাট কোটি তেতাল্লিশ লক্ষ চার হাজার) লক্ষ টাকা প্রাক্কলিত মূল্যের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) বাজারদর যাচাই কমিটি: নতুন কোন মডেল অথবা আরও উন্নত প্রযুক্তির সিরিজ বাজারে এসেছে কিনা অথবা নতুন কোন উৎপাদনকারী উৎপাদন করেছে কিনা তা যাচাই করা প্রয়োজন। এ জন্য মন্ত্রণালয়, সিএমএসডি, ডিজিএইচএস এবং সংশ্লিষ্ট বিশেষজ্ঞের সমন্বয়ে একটি কমিটি থাকা প্রয়োজন। ডিজিএইচএস কমিটি গঠন করবে। এ কমিটি বাজারদর যাচাই করবে এবং দেশী-বিদেশী উৎস হতে Proper Document এর ভিত্তিতে মূল্য যাচাই করবে;
- (খ) মূল্য Negotiation কমিটি: বাজার দর যাচাই কমিটির তথ্যের ভিত্তিতে সরবরাহকারীর সাথে প্রাইস নেগোসিয়েশন ও মূল্য নির্ধারণ করবে;
- (গ) গুনগতমান যাচাই কমিটি: এ বিষয়ে কারিগরি মতামত দিতে সক্ষম এরূপ ব্যক্তিবর্গের সমন্বয়ে মন্ত্রণালয়, ডিজি-ডাগস, ডিজিএইচএস ও ব্যবহারকারীর সমন্বয়ে কারিগরি কমিটি থাকা প্রয়োজন। কারিগরি কমিটির রিপোর্ট ও প্রাইস নেগোসিয়েশন এর প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে এবং এর ভিত্তিতে ক্রয় কাজ সম্পন্ন করা হবে। এ সকল কমিটি ডিজিএইচএস গঠন করবে;
- (ঘ) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এর বিদ্যমান বিধি-বিধান যথাযথ অনুসরণ করতে হবে;
- (ঙ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার মূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (চ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ছ) ক্রয় পরিকল্পনায় প্রস্তাবিত আরএফকিউ এর ক্ষেত্রে নির্ধারিত সীমা অতিক্রম করলে ওটিএম পদ্ধতি অনুসরণ করতে হবে;
- (জ) ডিপিএম পদ্ধতিতে ক্রয়ে পিপিআর ২০০৮ এর বিধি ৭৪-৭৬ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (ঝ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রযোজ্য সকল আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- (ঞ) ক্রয় প্রক্রিয়ায় কোন অনিয়ম পরিলক্ষিত হলে ক্রয়কারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

  
(হাসান মাহমুদ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর  
এমএনসিএন্ডএইচ  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী  
ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (শর্তাবলীর আলোকে কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ২। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। পরিচালক (ভান্ডার ও সরবরাহ), সিএমএসডি, তেজগাঁও, ঢাকা।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।